

সাকুলার নং জিএডি ১৩/২০১৫

বিষয় : বীমা কোম্পানীসমূহের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নবায়ন/অপসারণ প্রসংগে।

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক বীমা কোম্পানীসমূহ তাদের মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নবায়ন অথবা তাদের অপসারণে বীমা আইন ২০১০ ও এ সংক্রান্ত প্রবিধানমালা যথাযথভাবে পরিপালন করছে না।

প্রায় বীমা কোম্পানীর পরিচালনা পর্ষদ মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ দানের সিদ্ধান্ত গ্রহণের পরপরই তাকে কোম্পানীতে যোগদানের সুযোগ দেন এবং তিনি মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে কাজ শুরু করেন এবং বেতন ভাতাদি গ্রহণ করতে থাকেন। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যক্তির বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করা ও বেতন ভাতাদি গ্রহণ করা বীমা আইন ২০১০ এর ৮০ ধারা এবং বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা-২০১২ এর পরিপন্থি। এমতাবস্থায়, কর্তৃপক্ষের অনুমোদনের (নিয়োগ বা নবায়ন ক্ষেত্রমতে) পূর্বে কেহ মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন বা বেতন ভাতা গ্রহণ করতে পারবেন না। বিশেষ ক্ষেত্রে প্রয়োজনে মুখ্য নির্বাহী কর্মকর্তার শূন্যপদে সংশ্লিষ্ট কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নিম্নপদে নিয়োজিত কর্মকর্তা পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ভারপ্রাপ্ত হিসাবে দায়িত্ব পালন করতে পারবেন, তবে এর মেয়াদ একাধারে ৩(তিন) মাসের অধিক হবে না।

অনেক কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা তাদের পদবী ব্যবহারের ক্ষেত্রে মুখ্য নির্বাহী কর্মকর্তার পরিবর্তে ব্যবস্থাপনা পরিচালক বা উভয় পদবীই ব্যবহার করে থাকেন। বীমা আইন ২০১০ এর ৮০ ধারা অনুযায়ী বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের বিধান আছে এবং কর্তৃপক্ষ কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগই অনুমোদন করে থাকে। কর্তৃপক্ষ কোন ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ অনুমোদন দেয় না।

এমতাবস্থায়, বীমা কোম্পানীসমূহকে মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ/নবায়ন বা অপসারণের ক্ষেত্রে অতিঅবশ্যই বীমা আইন ২০১০ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ প্রবিধানমালা ২০১২ কঠোরভাবে পরিপালন করার নির্দেশ প্রদান করা যাচ্ছে।

(এম, শেফাক আহমেদ, একচুয়ারি)
চেয়ারম্যান

কার্যার্থে বিতরণ :

চেয়ারম্যান, সকল বীমা কোম্পানী।

অনুলিপি :

- ১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।
- ৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল বীমা কোম্পানী।
- ৪। রিজিওনাল সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড।